



“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড  
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ  
(ভোকেশনাল শাখা)  
আগারগাঁও, শেরেবাংলা নগর  
ঢাকা-১২০৭।

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩৭৫.১৭.০৪

তারিখ : ১০ অক্টোবর, ২০১৭ খ্রি.

বিষয় : এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমের নবম শ্রেণি সমাপনী পরীক্ষা-২০১৭ গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে সবিনয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন ২০১৭ সনের এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমের নবম শ্রেণি সমাপনী পরীক্ষার সময়সূচি ও কেন্দ্র তালিকা প্রকাশ করা হয়েছে। উক্ত পরীক্ষা ৯২৯ টি কেন্দ্রে একযোগে ০১ নভেম্বর ২০১৭খ্রি. হতে আরম্ভ হবে (সময়সূচির কপি সংযুক্ত)। সময়সূচি অনুযায়ী ০১-১১-২০১৭ হতে ১৬-১১-২০১৭ খ্রি. পর্যন্ত তাত্ত্বিক পরীক্ষা এবং ১৯-১১-২০১৭ হতে ২৩-১১-২০১৭ খ্রি. পর্যন্ত ব্যবহারিক পরীক্ষা চলবে। পরীক্ষা শেষে ঐ দিনের উত্তরপত্র সমূহ ডাকযোগে প্রেরণের জন্য সংশ্লিষ্ট পোস্ট অফিসসমূহ খোলা রাখাসহ আইন শৃংখলা রক্ষার জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসন ও পুলিশ প্রশাসনকে নির্দেশনা প্রদান করা প্রয়োজন।

সূষ্ঠ ও নকলমুক্ত পরিবেশে সময়সূচি অনুযায়ী পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে সংশ্লিষ্ট জেলা/উপজেলা প্রশাসন ও পুলিশ প্রশাসন (ঢাকা/রাজশাহী/রংপুর/খুলনা/ বরিশাল/চট্টগ্রাম/সিলেট/ময়মনসিংহ বিভাগীয় সদর কেন্দ্রসমূহের ক্ষেত্রে মেট্রোপলিটন পুলিশ) কর্তৃপক্ষকে পরীক্ষা কেন্দ্রের তত্ত্বাবধান, প্রশ্নপত্রের হেফাজত ও সংরক্ষণ, প্রতিটি কেন্দ্রের পরীক্ষা পরিদর্শনের জন্য একটি করে ডিজিটেলস টিম গঠন করার নির্দেশনা দানের জন্য আপনাকে সবিনয় অনুরোধ জানানো হলো।


সংযুক্তি :

- ১। পরীক্ষার সময়সূচি : ৫ সেট।
- ২। কেন্দ্র তালিকা : ৫ সেট।

সচিব

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।

[দৃষ্টি আকর্ষণ : অতিরিক্ত সচিব (কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়)।]

  
(ড/মোঃ মোস্তাফিজুর রহমান)  
চেয়ারম্যান  
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোন : ০২-৮১১৩৩৪৫

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩৭৫.১৭.০৪


তারিখ : ১০ অক্টোবর, ২০১৭ খ্রি.

সদয় অবগতি জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। কমিশনার, মেট্রোপলিটন পুলিশ, ঢাকা/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/চট্টগ্রাম/সিলেট/ ময়মনসিংহ।
- ২। জেলা প্রশাসক, সকল জেলা।
- ৩। সুপারিনটেনডেন্ট অব পুলিশ, সকল জেলা।
- ৪। সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা।

আপনার উপজেলায় অবস্থিত এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমের নবম শ্রেণি সমাপনী পরীক্ষার প্রশ্নপত্রের প্যাকেটসমূহ (সময়সূচি উল্লেখপূর্বক) দ্বৈজারিতে প্রেরণ করা হয়েছে। প্রেরিত প্যাকেটসমূহ প্রাপ্তির অব্যবহিত পরই সেগুলো দ্বৈজারিতে সংরক্ষণ ও এতদসঙ্গে প্রেরিত সময়সূচিতে বর্ণিত নির্ধারিত তারিখে পরীক্ষা আরম্ভ হবার এক ঘন্টা পূর্বে নির্দিষ্ট বিষয়ের প্রশ্নপত্র রক্ষিত সীলমোহরকৃত খাম/খামসমূহ পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট অর্পণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। পরীক্ষা সংক্রান্ত প্রাথমিক কাজ যথা- সময়সূচির সাথে দ্বৈজারিতে রক্ষিত প্রশ্নপত্রের খামসমূহের তারিখ লিপিবদ্ধতা মিলিয়ে দেখা, ইনভিজিলেটরদের তালিকা প্রণয়ন, পরীক্ষা কেন্দ্রে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ মোতায়েন ও পরীক্ষা পরিচালনা কল্পে যথাযথ ব্যবস্থা গ্রহণে সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাকে সর্বোচ্চ সহায়তা প্রদানের জন্য আপনাকে অনুরোধ করা যাচ্ছে।

- ৫। সংশ্লিষ্ট থানা অফিসার ইনচার্জ (পরীক্ষা কেন্দ্রে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ মোতায়েনসহ আইন শৃংখলা রক্ষার্থে প্রয়োজনীয় সহায়তা প্রদানের অনুরোধসহ)
- ৬। কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংশ্লিষ্ট কেন্দ্র (সময়সূচি মোতাবেক পরীক্ষা গ্রহণে জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী কর্মকর্তা ও স্থানীয় পুলিশ প্রশাসনের সাথে যোগাযোগ করতে ও সর্বোচ্চ সহায়তা প্রদানের অনুরোধসহ)।
- ৭। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৮। সংশ্লিষ্ট নথি।

  
(ড. সুশীল কুমার পাল)  
পরীক্ষা নিয়ন্ত্রক  
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোন : ৯১১৩২৮৩ (অফিস)